দামুড়হুদায় আইসিভিজিডি প্রকল্পের প্রশিক্ষণ পরিদর্শন করলেন উপজেলা চেয়ারম্যান

দামুড়হুদা উপজেলার সদর ইউনিয়নে আইসিভিজিডি প্রকল্পের ব্যবসা ভিত্তিক ৬ দিনের চলমান প্রশিক্ষণ পরিদর্শন করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।

গতকাল রবিবার বেলা ২ টার দিকে সদর ইউনিয়ন পরিষদে সরজমিনে পরিদর্শন করেন। এ প্রকল্পের আওতায় ২৩ জন নারীকে এ প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

এসময় দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু বলেন, বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা তৃণমূলের জনগণকে এগিয়ে নিতে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে নারীদেরকে স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে এ ধরনের ব্যবসায়িক প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। যাতে করে সকল নারীরা নিজেরা স্বাবলম্বী হয়ে নিজের পায়ে নিজে দাঁড়াতে পারে, সংসারের হাল ধরতে পারে এবং দেশ ও জনগণকে এগিয়ে নিতে সরকার নিরোলস ভাবে কাজ করে যাচ্ছেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, ইউপি সচিব শামীম রেজা, ফিল্ড ট্রেইনার মোঃ মিনারুল ইসলাম ও এল এফ রেশমা খাতুন সহ ইউপি সদস্যবৃন্দ ও গ্রাম পুলিশগন এবং প্রশিক্ষণার্থীরা উপস্থিত ছিলেন।